

ছাত্র সংঘর্ষের পর রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ

(নিজস্ব সংবাদদাতা)

রাজশাহী, ২৯শে মার্চ।

নির্বাচনকে কেন্দ্র করে গত কয়েক দিনের ছোট ছোট গন্ডগোলের জের হিসাবে আজ রাজশাহী মেডিক্যাল কলেজে এক প্রচণ্ড সংঘর্ষে পাঁচ জন অস্তিত্ব হারাচ্ছে। তাদের মধ্যে একজন তৃতীয় বর্ষের ছাত্র আবদুল মালেককে মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশংকাজনক।

সংঘর্ষের সময়ে ছাত্রাবাসের ২০টি কক্ষ ক্ষতিগ্রস্ত হয় এবং একটি কক্ষ ভস্মীভূত হয়েছে।

সংঘর্ষের পর কলেজ অধ্যক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন এবং ছাত্রদের ছাত্রাবাসে তাদের নির্দেশ দেয়া হয়েছে।

জানা গেছে, গত কয়েক দিন যাবত নির্বাচনে অংশ গ্রহণের সুপক্ষে-বিপক্ষে ছাত্র ইউনিয়ন ও বাংলাদেশ বিপ্লবী ছাত্র মৈত্রীর কর্মীদের মধ্যে কথা কাটাকাটি ও মিছিল, পাল্টা মিছিল চলছিল। গত বৃহস্পতিবার ছাত্র মৈত্রীর কর্মীরা ছাত্র ইউনিয়ন কর্মীদের ধাওয়া করলে তারা মেডিক্যাল কলেজ ক্যাম্পাস ছেড়ে চলে যায়।

শুকরা ভোর চারটায় লিখে ছাত্র ইউনিয়ন কর্মীরা কাছাকাছি লোককে সঙ্গে নিয়ে ছাত্রাবাসে প্রবেশ করে।

তার পরিণতিতে আজ সকালে (শেষ পঃ ৬-এর কঃ দঃ)

মেডিক্যাল কলেজ বন্ধ

(১ম পঃ পর)

মেডিক্যাল ক্যাম্পাসে দুই ছাত্র সংগঠন মিছিল, পাল্টা মিছিল করে। মিছিল দুটি মতোমতো হবার পর সংঘর্ষ হয়। আজ বিকাল ৪টায় আর এক দফা সংঘর্ষ হয়।

সংঘর্ষে চাপড়, কুড়াল, হাঁক সিঁক, রড ইত্যাদি ব্যবহৃত হয়।

এই রিপোর্ট লেখা পর্যন্ত মেডিক্যাল কলেজ ছাত্রাবাসের বাইরে পুলিশ মোতায়েন ছিল। তাদের ছাত্রাবাস ত্যাগ করেছে। পরিস্থিতি শান্ত রয়েছে।

মেডিক্যাল স্টুডেন্টস

ফেডারেশনের দাবী

বাংলাদেশ মেডিক্যাল স্টুডেন্টস ফেডারেশন সিলেট মেডিক্যাল কলেজ ও চট্টগ্রাম মেডিক্যাল কলেজে সংঘটিত ঘটনার জন্যে দায়ী ব্যক্তিদের শাস্তি এবং অবিলম্বে কলেজ দুটি খুলে দেয়ার দাবী জানিয়েছে। শনিবার ফেডারেশনের কেন্দ্রীয় কর্মীদের সভায় এ দাবী জানানো হয়। খবর বিজ্ঞপ্তির।